

PRINT

সমকাল

নোবিপ্রবির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

১০ ঘণ্টা আগে

নোয়াখালী প্রতিনিধি



আনন্দঘন পরিবেশে গতকাল রোববার নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ১৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। জাতীয় পতাকা উত্তোলন, শোভাযাত্রা, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, তথ্যচিত্র উপস্থাপনা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে জাঁকজমকপূর্ণভাবে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে সাজানো হয়েছে বর্ণিল সাজে।

সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সামনে জাতীয় সঙ্গীতের পর পায়রা ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী ও নোবিপ্রবির উপাচার্য অধ্যাপক ড. এম অহিদুজ্জামান।

পরে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। শোভাযাত্রা শেষে ক্যাম্পাসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়।

সকাল ১১টায় হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভা। উপাচার্য অধ্যাপক ড. এম অহিদুজ্জামানের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন ড. এ কে আজাদ চৌধুরী। সভায় স্বাগত বক্তব্য দেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন। সভা সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক মো. মমিনুল হক।

সভায় প্রধান অতিথি ড. এ কে আজাদ চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষাক্ষেত্রে এক হাজার কোটি টাকার নিচে বাজেট দিচ্ছেন না, যা উচ্চশিক্ষার উন্নয়নে এক মাইলফলক। আমি আশা করি, সরকার ও নোবিপ্রবির সব শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা সহযোগিতা করলে এ বিশ্ববিদ্যালয় স্বপ্নের বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে। নোবিপ্রবি একাডেমিক ও গবেষণার ক্ষেত্রে অনন্য দৃষ্টান্ত স্থাপন করবে।

বিশ্ববিদ্যালয়ের সর্বাঙ্গীণ উন্নয়ন কামনা করে উপাচার্য ড. এম অহিদুজ্জামান বলেন, একাডেমিক ও ভৌত অবকাঠামো উভয় দিক থেকে অত্যন্ত ভঙ্গুর অবস্থা থেকে যাত্রা শুরু করলেও আজ নোবিপ্রবি অনেকদূর পৌঁছেছে।

আলোচনা সভায় আরও বক্তব্য দেন প্রাণিবিদ্যা বিভাগের সাবেক অধ্যাপক ড. গুলশান আরা লতিফা, শিক্ষক সমিতির সভাপতি ড. আবদুল্লাহ আল মামুন, অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ডা. মো. মোখলেস-উজ-জামান প্রমুখ। অনুষ্ঠানে নোবিপ্রবি পরিবারের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, ছাত্র নির্দেশনা পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, হলের প্রভোস্ট, প্রক্টর, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, অফিসার্স অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ, বঙ্গবন্ধু পরিষদ ও স্বাধীনতা শিক্ষক পরিষদের নেতৃবৃন্দসহ ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com